

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই, ১৩বি, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
ইমেইল: info@pppo.gov.bd, ওয়েব: www.pppo.gov.bd



পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক স্টেকহোল্ডারগণের

সমন্বয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি	:	ড. মোঃ মুশফিকুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), পিপিপি কর্তৃপক্ষ।
সভার স্থান	:	সভাকক্ষ, পিপিপি কর্তৃপক্ষ
সভার তারিখ	:	২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ
সভার সময়	:	বেলা ১২:০০ টা
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি শুরুতে সেবা প্রদান প্রতিশ্রুতির তাৎপর্য ও এর পটভূমি এবং গুরুত্ব সভায় তুলে ধরেন। তিনি সকলকে জানান যে, পিপিপি কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর কর্মসম্পাদন সূচক ১.২.১ অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪টি অবহিতকরণ সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। তিনি আরো জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হলো সেবাগ্রহীতা ও সেবাদাতাদের মধ্যে একটি চুক্তি যার মাধ্যমে সেবা প্রদান সম্পর্কিত সকল বিষয়াদি উল্লেখ থাকে এবং সেবা প্রদান কার্যক্রমে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা নিশ্চিত করে। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালনের উপর জোর দেন।

২। সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও মহাপরিচালক (পিএন্ডআইপি), জনাব মোঃ আবুল বাসার সেবা প্রদান প্রতিশ্রুতির ২০২৩-২০২৪ অর্থবছরের বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে ৪ বার নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪টি অবহিতকরণ সভা আয়োজন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৪টি ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ১টি প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নির্দেশনা রয়েছে। অতঃপর তিনি পিপিপি কর্তৃপক্ষের সিটিজেনস চার্টারে উল্লিখিত সেবাসমূহ সভায় তুলে ধরার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক (আইপি), জনাব মোহাম্মদ আবদুল আওয়ালকে অনুরোধ জানান।

৩। পরিচালক (আইপি) জানান যে, সিটিজেনস চার্টারে উল্লিখিত সেবাসমূহের কার্যক্রম নির্দিষ্ট সময় সীমার মধ্যে সম্পন্ন হচ্ছে এবং প্রতিটি শাখার পরিচালকগণ সিটিজেনস চার্টারে উল্লিখিত সেবা দ্রুততম সময়ের মধ্যে প্রদানে বদ্ধ সচেষ্ট রয়েছেন। তাছাড়া, পিপিপি কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জানান যে, ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেনস চার্টার হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত সিটিজেনস চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৪। অতঃপর, সভাপতি সভাকে জানান যে, পিপিপি কর্তৃপক্ষের সিটিজেনস চার্টার হালনাগাদপূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো জানান, হালনাগাদকৃত সিটিজেনস চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে ব্যানার আকারে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে সেবা গ্রহীতা সহজে সেবা চিহ্নিত করতে পারে এবং প্রতিটি শাখার পরিচালকগণকে সেবার মান উন্নীতকরণের পাশাপাশি দ্রুততম সেবা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে করতে হবে মর্মে সভায় নির্দেশনা প্রদান করেন।

৫। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত
<ul style="list-style-type: none">• মহাপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে পিপিপি কর্তৃপক্ষের সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে।• ত্রৈমাসিক ভিত্তিতে পিপিপি কর্তৃপক্ষের সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।• পিপিপি কর্তৃপক্ষের বিভিন্ন শাখার আওতাধীন সেবা সমূহ সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত তথ্য অনুসারে সেবা প্রদান আরো ত্বরান্বিত করতে হবে এবং সেবার মান যাচাই ও সেবা গ্রহীতার সন্তুষ্টি উপলব্ধিপূর্বক সিটিজেন চার্টারের কার্যক্রম চলমান রাখতে হবে।• সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.৭.২০২৩
ড. মোঃ মুশফিকুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
পিপিপি কর্তৃপক্ষ

নং- ০৩.১১.০০০০.৮৫৯.০৫.০০৮.২২- ৩৭৫০

তারিখ ১২ আশ্বিন, ১৪৩০
২৭ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (সকল), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
২. পরিচালক (প্রশাসন), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
৩. পরিচালক (অর্থ), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
৪. পরিচালক (পিএমএফ), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
৫. পরিচালক (আইপি), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এর একান্ত সচিব, পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
২. অফিস কপি

২৭/০৯/২০২৩
(মোহাম্মদ আবদুল আওয়াল)
পরিচালক (আইপি)
পিপিপি কর্তৃপক্ষ